সিলেট বোর্ড-২০১৬

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: প্রথম পত্র

সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড : ২ ৯ ২

সময়— ২ ঘণ্টা ১০ মিনিট পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো ৬ টি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ▶ জনাব আলম বিনিয়োগের বিষয়ে সিদ্ধান্তহীনতায় ভুগছেন। তার বিবেচ্য দুইটি কোম্পানির তথ্যাদি নিম্নরূপ:

কোম্পানি	প্রত্যাশিত আয়ের হার	পরিমিত ব্যবধান
A	১২%	৩%
B	১৫%	৭%

ক. ব্যবসায় নৈতিকতা কী? ১

খ. তারল্য সংকটে কোন ধরনের সমস্যার সৃষ্টি হয়? ব্যাখ্যা করো। ২

গ. যদি উদ্দীপকের জনাব আলম B কোম্পানিতে বিনিয়োগ করেন, তাহলে তা অর্থায়নের কোন নীতির সাথে সামঞ্জস্যপূর্ণ? ৩

ঘ. যদি আলম সাহেব উভয় কোম্পানিতে বিনিয়োগ করতেন, তাহলে তাঁর বিনিয়োগ সিদ্ধান্তের যৌক্তিকতা অর্থায়নের নীতির আলোকে বিশ্লেষণ করো। ৪

২. ▶ সৃজনী লি. নবগঠিত আমদানি ও রপ্তানিকারক প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি বিদেশে তৈরি পোশাক রপ্তানি করতে চায়। তাই মূলধনের প্রয়োজনে প্রতিষ্ঠানটির পরিচালনার পর্ষদ এস.ই.সি এর অনুমতি নিয়ে বন্ড ও শেয়ার বিক্রয়ের মাধ্যমে মূলধন সংগ্রহ করে ব্যবসার শুরু করে। অল্পদিনের মধ্যে প্রতিষ্ঠানটি সফল হয় এবং বিদেশে পণ্য রপ্তানি করে। তবে রপ্তানিকৃত আয়ের কিছু অংশ ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে এবং অবশিষ্ট অংশ হুন্ডির মাধ্যমে সংগ্রহ করে। কিছুদিন অতিবাহিত না হতেই আইন প্রয়োগকারী সংস্থা প্রতিষ্ঠানটিকে দোষী সাব্যস্ত করে।

ক. বন্ড কী? ১

খ. ঋণ নিয়ন্ত্রণ কেন করা হয়? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে বর্ণিত পরিস্থিতিতে সৃজনী লি. কোন আর্থিক বাজারে বন্ড ও শেয়ার বিক্রয় করেছিল? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানটি আইনের দৃষ্টিতে দোষী সাব্যস্ত হবার কারণটি বিশ্লেষণ করো। ৪

৩.▶ মি. শামীম আগামী ১০ বছর পর ১০ লক্ষ টাকা দিয়ে একটি গাড়ি কেনার পরিকল্পনা করলেন। বর্তমানে তিনি একটি প্রাইভেট প্রতিষ্ঠানে চাকরি করেন। প্রতি মাসের শুরুতে বেতন পেয়ে কিছু টাকা ব্যাংকে জমা করবেন। তার ধারণা ব্যাংক ১২% সুদ প্রদান করবে। অন্যদিকে ৫,০০০ টাকা প্রতিমাসের শুরুতে কর্তনের ভিত্তিতে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে একটি গাড়ি গ্রহণ করতে পারবেন।

ক. নামিক সুদের হার কী? ১

খ. ৭২ এর বিধিটি ব্যাখ্যা করো। ২

গ. প্রতি মাসে কত টাকা জমা করলে তিনি পরিকল্পনামাফিক গাড়ি ক্রয় করতে পারবেন? ৩

ঘ. গাড়ির মূল্য ২,০০,০০০ টাকা হ্রাস পেলে মি. শামীমের গাড়ি ক্রয় করা কি উচিত হবে? বিশ্লেষণ করো। ৪

৪.▶ P S L কোম্পানি বিদ্যুৎসাশ্রয়ী বাতি উৎপাদন ও বিক্রি করে। কোম্পানির প্রাসঙ্গিক তথ্য নিম্নরূপ:

বার্ষিক বিক্রি (২৫০০ একক) ৫,০০,০০০ টাকা
বার্ষিক স্থির ব্যয় ১,৮০,০০০ টাকা
একক প্রতি উৎপাদন ব্যয় ১২০ টাকা

ক. নগদ প্রবাহ কী? ১

খ. আর্থিক বিশ্লেষণ কেন করা হয়? ২

গ. P S L কোম্পানির বর্তমান মুনাফা/ক্ষতি কত? ৩

ঘ. উদ্দীপকের তথ্যাবলি অবলম্বনে PSL কোম্পানির সমচ্ছেদ বিন্দু রেখাচিত্রের মাধ্যমে বের করো। ৪

৫.▶ তিথিনা ফুডস্ লি. প্রক্রিয়াজাত খাদ্যসামগ্রী বাজারজাত করে। বাজারে বার্ষিক চাহিদা ১,২০,০০০ প্যাকেট এবং প্রতি প্যাকেটের ক্রয়মূল্য ২২ টাকা। প্রতিটি ক্রয়াদেশের খরচ ৮০ টাকা, প্রতি একক পণ্যের বার্ষিক সংরক্ষণ ব্যয় ২ টাকা। ক্রয়াদেশ প্রদানের পর গুদামে পণ্য পৌঁছাতে ৪ দিন সময় লাগে। কোম্পানি তাৎক্ষণিক ক্রেতা চাহিদা মেটাতে ৫০০ প্যাকেট পণ্য সংরক্ষণের

সিদ্ধান্ত গ্রহণ করে।

ক. মিতব্যয়ী ফরমায়েশ পরিমাণ কী? ১

খ. অতিরিক্ত মজুদ সংরক্ষণের ফলে কী সমস্যা সৃষ্টি হয়? ২

গ. তিথিনা ফুডস্ লি.-এর বার্ষিক মজুদ ব্যয় নির্ণয় করো। ৩

ঘ. উদ্দীপকের মজুদ ব্যবস্থাপক ২০০০ প্যাকেট পণ্য মজুদ থাকা অবস্থায় পুনঃফরমায়েশ প্রদান করেন। তাঁর সিদ্ধান্তের যৌক্তিকতা ব্যাখ্যা করো। ৪

৬. ▶ জনাব রাসেল দীর্ঘ প্রবাস জীবন কাটিয়ে দেশে ফিরে তাঁর কষ্টার্জিত অর্থ লাভজনক খাতে বিনিয়োগ করতে চান। তিনি বাজার যাচাই করে ২টি বন্ডের সন্ধান পান। এ সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ:

বন্ড	অভিহিত মূল্য	কুপন সুদের হার	মেয়াদ
M	১০০০	১৪%	—
Q	৫০০	১১%	৫ বছর

জনাব রাসেলের প্রত্যাশিত আয়ের হার ১০%।

ক. ঋণপত্র কী? ১

খ. মুদ্রাস্ফীতি কীভাবে বিনিয়োগ সিদ্ধান্তকে প্রভাবিত করে? ২

গ. উদ্দীপকে বর্ণিত Q বন্ডের মূল্য নির্ণয় করো। ৩

ঘ. যদি Q বন্ড থেকে অর্ধ-বার্ষিক ভিত্তিতে সুদ পাওয়া যায়, তাহলে কোন বন্ডে অর্থ বিনিয়োগ করা উচিত? মতামত দাও। ৪

৭. ▶ AB কোম্পানির কাঠামো নিম্নরূপ:

মূলধনের উৎস	পরিমাণ (টাকা)	ব্যয় হার
সাধারণ শেয়ার	১০,০০,০০০	১৮%
অগ্রাধিকার শেয়ার	৬,০০,০০০	১৪%
ঋণপত্র	৪,০০,০০০	১০%
মোট =	২০,০০,০০০	

কর্পোরেট করের হার ৪০%।

ক. মূলধন ব্যয় কী? ১

খ. কখন একটি কোম্পানি অবহারে শেয়ার বিক্রি করে? ২

গ. AB কোম্পানির মূলধন ব্যয় নির্ণয় করো। ৩

ঘ. উদ্দীপকের প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা পর্ষদ ঋণ মূলধন ব্যবহার না করার সিদ্ধান্ত গ্রহণ করে। এমতাবস্থায় অন্যান্য উৎস হতে সমহারে মূলধন সংগ্রহ করলে মূলধন ব্যয়ের ওপর কীরূপ প্রভাব পড়বে? বিশ্লেষণ করো। ৪

৮. ▶ XYZ কোম্পানি ৭,০০,০০০ টাকা মূল্যের একটি নতুন মেশিন ক্রয়ের বিষয় বিবেচনা করছে। কোম্পানির মূলধন ব্যয় ১০% এবং কর্পোরেট করের হার ৪০%। মেশিনটি ব্যবহারের মাধ্যমে আগামী ৫ বছর নিম্নলিখিত হারে করপূর্ববর্তী নগদ প্রবাহ আশা করা যাচ্ছে:

বছর	করপূর্ববর্তী নগদ প্রবাহ
১	১,৪০,০০০
২	২,১০,০০০
৩	৩,২০,০০০
৪	৩,০০,০০০
৫	২,১০,০০০

ক. পরিশোধকাল কী? ১

খ. প্রকল্প মূল্যায়ন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত মেশিনটির গড় উপার্জন হার কত? ৩

ঘ. নিট বর্তমান মূল্যের আলোকে মেশিনটি ক্রয়ের বিষয়ে কোম্পানির সিদ্ধান্ত কী হওয়া উচিত? বিশ্লেষণ করো। ৪

৯. ▶ বেঙ্গল ফুডস্ লি. এবং মডার্ন ফুডস্ লি. এর বিগত ৩ বছরের আয়ের হার নিম্নরূপ:

বছর	বেঙ্গল ফুডস্ লি. এর আয়ের হার	মডার্ন ফুডস্ লি. এর আয়ের হার
২০১২	১২%	১৫%
২০১৩	১১%	−০৩%
২০১৪	১৪%	১৮%

ক. অনিশ্চয়তা কী? ১

খ. তারল্য ঝুঁকি কীভাবে সৃষ্টি হয়? ২

গ. বেঙ্গল ফুডস্ এর আয়ের আদর্শ বিচ্যুতি নির্ণয় করো। ৩

ঘ. কোম্পানিদ্বয়ের ঝুঁকির মাত্রা বিবেচনায় কোন কোম্পানিতে বিনিয়োগ করা যুক্তিযুক্ত হবে? ৪

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: প্রথম পত্র (বহুনির্বাচনি)

বিষয় কোড : ২৯২

সময় : ৪০ মিনিট — পূর্ণমান— ৪০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১. K_p দ্বারা কী বোঝানো হয়?
ক সাধারণ শেয়ার ব্যয় খ মূলধন ব্যয়
গ অগ্রাধিকার শেয়ার ব্যয় ঘ সংরক্ষিত

উদ্দীপকটি পড়ো এবং ২ ও ৩ নং প্রশ্নের উত্তর দাও।
রফিক সাহেব একজন আর্থিক ব্যবস্থাপক। তিনি মনে করেন একজন আর্থিক ব্যবস্থাপক এমনভাবে সিদ্ধান্ত গ্রহণ করেন যেন কোম্পানির লক্ষ্য অর্জিত হয়। অর্থাৎ কোম্পানির আয়ের হার মূলধন ব্যয় হতে বেশি হবে।

২. একটি কোম্পানি মূলধন সরবরাহ করে থাকে—
ক দীর্ঘমেয়াদের খ স্বল্প মেয়াদের
গ মধ্য মেয়াদের ঘ স্বল্প ও মধ্য মেয়াদের

৩. মূলধন বাজেটিং এর প্রথম ধাপ কী?
ক প্রকল্প মূল্যায়ন খ প্রকল্প প্রণয়ন
গ প্রকল্প নির্বাচন ঘ প্রকল্প বাস্তবায়ন

৪. নিচের কোন প্রকল্পটি গ্রহণ করা উচিত?
ক যে প্রকল্পের IRR সর্বনিম্ন
খ যে প্রকল্পের ARR সর্বনিম্ন
গ যে প্রকল্পের NPV সর্বাধিক
ঘ যে প্রকল্পের PBP সর্বাধিক

উদ্দীপকটি পড়ো এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও।
মি. আলীম একটি প্রকল্পে বিনিয়োগ করতে চায়। বিনিয়োগকৃত মূলধনের পরিমাণ ১,০০,০০০ টাকা যা থেকে আগামী ৫ বছর যাবত বার্ষিক নগদান প্রবাহ পাওয়া যাবে যথাক্রমে: ২০,০০০ টাকা, ৩০,০০০ টাকা, ৪০,০০০ টাকা, ৪০,০০০ টাকা এবং ২০,০০০ টাকা।

৫. তৃতীয় বছরে প্রকল্পটির ক্রমযোজিত নগদান প্রবাহ কত হবে?
ক ৪০,০০০ টাকা খ ৮০,০০০ টাকা
গ ৯০,০০০ টাকা ঘ ৬৫,০০০ টাকা

৬. প্রকল্পটির PBP কত হবে?
ক ৩ বছর খ ৩ বছর ৩ মাস
গ ৪ বছর ঘ ৪ বছর ৩ মাস

৭. ঝুঁকি হলো—
i. পরিমাপযোগ্য ii. অনিশ্চয়তা থেকে সৃষ্টি
iii. পরিহারযোগ্য
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৮. $x - \bar{x}$ হলো—
ক আয় থেকে ব্যবধান খ গড় থেকে ব্যবধান
গ আদর্শ বিচ্যুতির ব্যবধান ঘ ঝুঁকির ব্যবধান

৯. বছরে চক্রবৃদ্ধির সংখ্যা কী দ্বারা প্রকাশ করা হয়?
ক m দ্বারা খ n দ্বারা
গ i দ্বারা ঘ r দ্বারা

১০. একটি ফার্মের মূল লক্ষ্য কী?
ক মুনাফা সর্বাধিকরণ
খ সম্পদ সর্বাধিকরণ
গ বিক্রয় সর্বাধিকরণ
ঘ ক্রয় সর্বাধিকরণ

১১. ঝুঁকি ও মুনাফার মধ্যে সম্পর্ক কী রূপ?
ক বিপরীত খ সরলরৈখিক
গ সমানুপাতিক ঘ আনুপাতিক

১২. সরকারি অর্থায়নের মূল লক্ষ্য কী?
ক সামাজিক কল্যাণ খ মুনাফা অর্জন
গ ব্যবসায়ের সাফল্য
ঘ সম্পদের সঠিক ব্যবহার

১৩. তারল্য বৃদ্ধি পেলে—
i. মুনাফা হ্রাস পায় ii. মুনাফা বৃদ্ধি পায়
iii. ব্যয় হ্রাস পায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৪. বিনিয়োগ পরিশোধকাল (PBP) নির্ণয়ের সূত্র হলো—
ক $PBP = \frac{NCO}{NCB}$ খ $PBP = \frac{NCB}{NCO}$
গ $PBP = NCO \times NCB$ ঘ $PBP = NCB - NCO$

১৫. আয়ের যে অংশ শেয়ার মালিকদের মধ্যে বণ্টন করা হয় না—
ক সংরক্ষিত তহবিল খ লভ্যাংশ
গ মোট মুনাফা ঘ নিট মুনাফা

১৬. IPO এর পূর্ণরূপ কী?
ক International Public Offering
খ Initial Public Offering
গ Initial Public Office
ঘ Initial Place Offering

১৭. অর্থায়নের কার্যাবলি হচ্ছে—
i. তহবিল বণ্টন ii. তহবিল সংগ্রহ
iii. মূলধন বাজেটিং সিদ্ধান্ত
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৮. কোনটি মুদ্রাবাজারের হাতিয়ার?
ক শেয়ার খ বন্ড
গ ঋণপত্র ঘ বাণিজ্যিকপত্র

উদ্দীপকটি পড়ো এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও।
দীন মোহাম্মদ একটি ফার্মের মালিক। গত বছর তার আয় হয় ১ কোটি টাকা। তারল্য হিসাবে ২০ লক্ষ টাকা রেখে অবশিষ্ট ৮০ লক্ষ টাকা পোস্ট অফিসে জমা রাখেন।

১৯. দৈনন্দিন কার্যপরিচালনায় নগদ অর্থ হাতে রাখার জন্য দীন মোহাম্মদের কোন নীতি মেনে চলা উচিত?
ক ঝুঁকি ও মুনাফার নীতি
খ তারল্য ও মুনাফার নীতি
গ পোর্টফোলিও বৈচিত্র্যায়নের নীতি
ঘ উপরের সবগুলো

২০. যদি জনাব দীন মোহাম্মদ তার আয়ের পুরোটাই পোস্ট অফিসে জমা রাখেন তাহলে—
i. মুনাফা লভ্যতা বৃদ্ধি পাবে
ii. তারল্যতা হ্রাস পাবে
iii. প্রতিষ্ঠানের দেউলিয়া হওয়ার সম্ভাবনা বৃদ্ধি পাবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২১. মিতব্যয়ী ফরমায়েশ নির্ণয়ের সূত্র—

(ক) $EOQ = \sqrt{\frac{2AO}{C}}$ (খ) $EOQ = \sqrt{\frac{2AC}{O}}$

(গ) $EOQ = \sqrt{\frac{2AO}{I}}$ (ঘ) $EOQ = \sqrt{\frac{2AC}{O}}$

উদ্দীপকটি পড়ো এবং ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও।

রাকিব $\frac{৩}{২০}$ নিট ৪৫-এ শর্তে কলি স্টোর থেকে ২০,০০০ টাকার মাল ক্রয় করে।

২২. যদি বাট্টা গ্রহণের সময়ের মধ্যে অর্থ পরিশোধ করে তাহলে রাকিব কত টাকা বাট্টা পাবে?
(ক) ৪০০ টাকা (খ) ৬০০ টাকা
(গ) ৪৫০ টাকা (ঘ) ৫৫০ টাকা

২৩. কখন রাকিবকে সম্পূর্ণ অর্থ পরিশোধ করতে হবে?
(ক) ৪৫ দিন পর (খ) ৩০ দিন পর
(গ) ৬০ দিন পর (ঘ) ৯০ দিন পর

২৪. দীর্ঘমেয়াদি অর্থায়নের ব্যতিক্রম কোনটি?
(ক) বাণিজ্যিক পত্র (খ) স্টক ও বন্ড
(গ) প্রত্যয়পত্র (ঘ) সংরক্ষিত মুনাফা

২৫. মধ্যমেয়াদি অর্থায়নের উৎস হলো—
i. আন্তর্জাতিক সংস্থা ii. বাণিজ্যিক ব্যাংক
iii. ইজারা কোম্পানি
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৬. চলতি সম্পদের মূল উপাদান কোনটি?
(ক) ব্যাংক জমা (খ) দেনাদার
(গ) যন্ত্রপাতি (ঘ) নগদ অর্থ

২৭. নিচের কোনটি মুদ্রাবাজারের ব্যতিক্রম হিসেবে বিবেচিত হয়?
(ক) বাণিজ্যিক পত্র (খ) শেয়ার
(গ) বন্ড (ঘ) মিউচ্যুয়াল ফান্ড

উদ্দীপকটি পড়ো এবং ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও।

আ. খালেক এন্টারপ্রাইজ দীর্ঘদিন যাবৎ ব্যবসায় পরিচালনা করে আসছে। নতুন একটি পণ্য উৎপাদনের জন্য অর্থের প্রয়োজন। এক্ষেত্রে প্রতিষ্ঠানটি দীর্ঘমেয়াদি অর্থায়নের কথা ভাবছে।

২৮. দীর্ঘমেয়াদি অর্থায়নের মেয়াদ সর্বনিম্ন কত বছর?
(ক) ৪ বছর (খ) ৫ বছর
(গ) ৮ বছর (ঘ) ১০ বছর

২৯. দীর্ঘমেয়াদি অর্থসংস্থান করবেন কেন?
(ক) অফিসের আসবাবপত্র ক্রয়ের জন্য
(খ) ভূমি ও যন্ত্রপাতি ক্রয়ের জন্য
(গ) বিজ্ঞাপন প্রচারের জন্য
(ঘ) বেতন প্রদানের জন্য

৩০. মূলধন ব্যয়কে প্রভাবিত করে—
(ক) স্থির ব্যয়
(খ) পরিবর্তনশীল ব্যয়
(গ) বিক্রয় ব্যয় বা ভাসমান ব্যয়
(ঘ) সংরক্ষিত আয়ের ব্যয়

৩১. ঢাকা স্টক এক্সচেঞ্জ কত সালে প্রতিষ্ঠিত হয়?
(ক) ১৯৫০ সালে (খ) ১৯৫৪ সালে
(গ) ১৯৬০ সালে (ঘ) ১৯৭০ সালে

৩২. বাংলাদেশে পুঁজি বাজারের নিয়ন্ত্রক সংস্থা কোনটি?
(ক) বাংলাদেশ ব্যাংক (খ) DSE
(গ) CSE (ঘ) BSEC

৩৩. কোম্পানি স্টক এক্সচেঞ্জের মাধ্যমে যে শেয়ার বিক্রি করে তা হলো—
i. প্রাথমিক শেয়ার ii. সেকেন্ডারি শেয়ার
iii. অগ্রাধিকার শেয়ার
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ৩৪ ও ৩৫ নং প্রশ্নের উত্তর দাও।

মি. আলী মার্কেন্টাইল ব্যাংকের একটি স্কিমে ১,০০,০০০ টাকা জমা রাখেন। মার্কেন্টাইল ব্যাংকের এই স্কিমে ৫ বছরে ১০% হারে চক্রবৃদ্ধি সুদ পাবেন।

৩৪. মি. আলীর ব্যাংকে জমাকৃত টাকাকে কোন ধরনের নগদ প্রবাহের অন্তর্ভুক্ত করা হয়?
(ক) সাধারণ বার্ষিক বৃত্তি (খ) অগ্রিম বার্ষিক বৃত্তি
(গ) এককালীন নগদ প্রবাহ (ঘ) মিশ্র নগদ প্রবাহ

৩৫. মি. আলী ৫ বছর শেষে কত টাকা পাবেন?
(ক) ১,৫১,০৫১ টাকা (খ) ১,৬১,০৫১ টাকা
(গ) ১,৫০,০০০ টাকা (ঘ) ১,৫০,০০০ টাকা

৩৬. নিচের কোনটি তারল্য অনুপাত?
(ক) মোট লাভ অনুপাত (খ) সুদ উপার্জন অনুপাত
(গ) দ্রুত অনুপাত (ঘ) মূলধন আবর্তন অনুপাত

৩৭. নিচের কোনটি স্থায়ী মূলধন—
(ক) কর্মচারীর বেতন (খ) প্রদেয় বিল
(গ) প্রাপ্য বিল (ঘ) কলকব্জা ও যন্ত্রপাতি

৩৮. পরিচালন ব্রেক ইভেন বিন্দু নির্ণয়ের উপাদান হলো—
i. স্থির ব্যয় ii. এককপ্রতি বিক্রয়মূল্য
iii. প্রতি একক পরিবর্তনশীল ব্যয়
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩৯. স্বল্পমেয়াদি অর্থায়নের সময়কাল কত?
(ক) ১ বছরের বেশি (খ) ১ বছরের কম
(গ) ১ বছর (ঘ) ২ বছর

৪০. স্বতঃস্ফূর্ত অর্থায়ন হলো—
i. ব্যবসায় ঋণ ii. ঘূর্ণায়মান ঋণ
iii. বকেয়া খরচ
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উত্তরমালা																																								
	১	গ	২	ক	৩	গ	৪	ঘ	৫	খ	৬	গ	৭	খ	৮	গ	৯	ক	১০	গ	১১	ঘ	১২	ক	১৩	ঘ	১৪	ক	১৫	ক	১৬	গ	১৭	খ	১৮	খ	১৯	গ	২০	ক
	২১	ক	২২	গ	২৩	ক	২৪	গ	২৫	খ	২৬	ঘ	২৭	ক	২৮	গ	২৯	খ	৩০	খ	৩১	গ	৩২	ঘ	৩৩	খ	৩৪	ঘ	৩৫	খ	৩৬	গ	৩৭	ঘ	৩৮	খ	৩৯	খ	৪০	গ